**পল্লবী আর্ট**
আল্পনা, মেহেন্দী, ওয়াল পেন্টিং, ফেব্রিক, গ্লাস পেন্টিং যত্ন সহকারে করা হয়।
বাচ্চাদের খুব যত্ন সহকারে আঁকা শেখানো হয়।
Mob. : 8240006480

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-
৯২৩২৬৩৩৮৯৯
৯৬৪৭৭৯১৯৮৬

স্থানীয় নির্ভিক সাপ্তাহিক সংবাদপত্র

# সার্বভৌম সমাচার

RNI Regn. No. WBBEN/2017/75065 ❑ Postal Regn No.- Brs/135/2020-2022 ❑ Vol. 6 ❑ Issue 11 ❑ 02 Jun 2022 ❑ Weekly ❑ Thursday ❑ ₹ 2

নতুন সাজে সবার মাঝে
শীতাতপ নিয়ন্ত্রিত
ALANKAR
অলঙ্কার
সরকার অনুমোদিত ২২/২২ ক্যারেট K.D.M সোনার গহনা নির্মাতা ও বিক্রেতা
যশোহর রোড • বনগাঁ
M : 9733901247

# এক্সপোর্ট- ইমপোর্ট নিয়ে ফের তৃণমূলের গোষ্ঠী দ্বন্দ্ব প্রকাশ্যে

## বনগাঁর পৌরপিতা সম্পর্কে ফেসবুকে কুরুচিকর পোষ্টের অভিযোগে তৃণমূল ছাত্র পরিষদের ধিক্কার মিছিল


প্রতিনিধি : সোশ্যাল মিডিয়ায় বনগাঁ সাংগঠনিক জেলা তৃণমূল সভাপতি তথা বনগাঁ পৌরসভার পৌরপ্রধান গোপাল শেঠের নামে বিভিন্ন পোস্টের মাধ্যমে তাকে কালিমালিপ্ত করার অভিযোগে ধিক্কার মিছিল করে থানায় অভিযোগ দায়ের করল বনগাঁ শহর তৃণমূল ছাত্র পরিষদের কর্মীরা। বৃহস্পতিবার বিকালে শতাধিক কর্মী সমর্থক বনগাঁ শহর পরিক্রমা করে।

তৃণমূল ছাত্র পরিষদের বনগাঁ লোকসভা কমিটির সভাপতি অনুতোষ নাগ বলেন, "আমাদের দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ছবি দিয়ে কিছু মানুষ তাদের ফেসবুক অ্যাকাউন্ট থেকে বনগাঁ সাংগঠনিক জেলা তৃণমূল সভাপতি তথা বনগাঁ পৌরসভার পৌরপ্রধান গোপাল শেঠের নামে কুরুচিকর মন্তব্য করছে এবং তাকে কালিমালিপ্ত করতে বিভিন্ন ধরনের


Arindam Biswas is with Soumen Paul Saheb and 91 others in Bongaon , North 24 Parganas , West Bengal , 743235.
7h · Bongaon, West Bengal, India

গত কয়েকদিন আগে B.G.T.A. (Bongaon Goods Trucks Association) এর পক্ষ থেকে প্রতিবাদ সভা থেকে অভিযোগ করা হয়েছিল যে বনগাঁ পৌরসভার কতিপয় কর্মচারী যারা B.S.F. Camp মোড়ে লরির স্লিপ চেকিং এর দায়িত্বে থাকেন তারা বিভিন্ন রকম অন্যায় কাজে জড়িত,দেখুন বনগাঁ পৌরসভার চেয়ারম্যানের কাকা (স্বপন শেঠ) অ্যাসিডের নাম করে অন্য মাল নিয়ে যাচ্ছে,আজ প্রমাণ হলো যে কথাটি B.G.T.A. ও লরি মালিক সমিতির সংগঠনগুলি যৌথভাবে বারবার অভিযোগ করেছিল এমনকি মহকুমা শাসকের কাছে ডেপুটেশন ও দিয়েছে তা আজ প্রমাণ হলো। এই বেআইনি কাজ বনগাঁ পৌরসভার চেয়ারম্যান গোপাল শেঠের নেতৃত্বে চলছে।
প্রশাসনের কাছে অনুরোধ অন্তত বনগাঁর মানুষের স্বার্থে ও ট্রান্সপোর্ট ব্যবসার স্বার্থে এই বেআইনী কাজ বন্ধ করুন। 🙏


অপ্রীতিকর পোস্ট করছে। আমাদের দলনেত্রীর ছবি দেওয়া ফেসবুক অ্যাকাউন্ট


Mou Mita is with Rana Sadhu and 20 others.
3h ·

Arindam Biswas is with Soumen Paul Saheb and 91 others in Bongaon , North 24 Parganas , West Bengal , 743235.
7h · Bongaon, West Bengal, India ·

গত কয়েকদিন আগে B.G.T.A. (Bongaon Goods Trucks Association) এর পক্ষ থেকে প্রতিবাদ সভা থেকে অভিযোগ করা হয়েছিল যে বনগাঁ পৌরসভার ...
See more

থেকে দলনেত্রীর সৈনিককে এভাবে কালিমালিপ্ত করার চেষ্টা এক প্রকার


মাননীয় আই . সি .
বনগাঁ থানা
বনগাঁ উত্তর ২৪ পরগণা

মহাশয়,
আমরা বনগাঁ শহর তৃণমূল ছাত্র পরিষদ এর পক্ষ থেকে নিম্ন সাক্ষরকারীগন এই মর্মে আপনাকে অবগত করছি যে বিগত বেশ কিছু দিন ধরে সোশ্যাল মিডিয়াতে (ফেসবুক ও হোয়াটসঅ্যাপ) আমাদের বনগাঁ সাংগঠনিক জেলা তৃনমূল কংগ্রেস এর সভাপতি তথা পৌরপ্রধান গোপাল শেঠ এর নামে বিভিন্ন অ্যাকাউন্ট থেকে কুরুচিকর পোস্ট করা হচ্ছে এবং ঐ অ্যাকাউন্ট গুলিতে দলনেত্রী তথা মুখ্যমন্ত্রীর ছবি ব্যবহার করে দলকে তথা নেত্রীকে কালিমালিপ্ত করার চেষ্টা করা হচ্ছে। অতএব মহাশয়ের নিকট আমাদের একান্ত নিবেদন আপনি বিষয়টি গুরুত্ব সহকারে দেখে দোষীদের চিহ্নিত করে তাদের অবিলম্বে গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যাবস্থা করুন।

** সাথে প্রমান স্বরুপ কিছু ফেসবুক অ্যাকাউন্ট এর তথ্যচিত্র দেওয়া হলো।

ধন্যবাদান্তে


আমাদের দল এবং দলনেত্রীকে অসম্মান করা ছাড়া আর কিছু নয়। আমরা এই কাজের সাথে লিপ্ত দোষীদের অবিলম্বে গ্রেফতার এবং দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাচ্ছি।" এরপর তিনি আরও দাবি করেন, বনগাঁর প্রাক্তন চেয়ারম্যান শংকর আঢ্যর ইন্ধনে এই সমস্ত বিষয়ে ফেসবুক পোস্ট করা হচ্ছে।

এই বিষয়ে বিজিটিএ এর সম্পাদক তথা বনগাঁর প্রাক্তণ চেয়ারম্যান শংকর আঢ্য বলেন, "গত পরশু স্বপন শেঠ নামে এক ব্যক্তির লরি আটক করা হয় এবং দেখা যায় তিনি এসিডের নাম করে অন্য মাল নিয়ে যাচ্ছে। পুলিশ তাকে আটক করে এরই প্রতিবাদে তৃণমূল কংগ্রেসের কয়েকজন কর্মী সমর্থকরা ফেসবুক পোস্ট করে প্রশাসনকে এই বিষয়ের দিকে নজর দিতে বলেন এবং প্রতিবাদ জানান। আর যারা এই প্রতিবাদ জানিয়েছে তাদের বিরুদ্ধে থানায় তৃতীয় পাতায়...

## নাবালকদের হাতে আগ্নেয়াস্ত্র, জখম ১

প্রতিনিধি : কয়েকজন বন্ধু মিলে ছাদের উপর বসে নেশা করছিল। তাদের কাছে ছিল একটি পিস্তল। সেটি নিয়ে খেলার ছলে নাড়াচাড়া করতে করতে আচমকা গুলি বেরিয়ে লাগল নেশার আসরে থাকা এক নাবালক বন্ধুর পেটে। রবিবার দুপুরে ঘটনাটি ঘটেছে গাইঘাটা থানার চিকন পাড়া এলাকায়।

পুলিশ জানিয়েছে, আহত নাবালকের নাম বিদ্যুৎ ব্যাপারী। বাড়ি ঠাকুরনগর চিকনপাড়া এলাকায়। তাকে ঠাকুরনগর গ্রামীণ হাসপাতাল নিয়ে ভর্তি করা হলে চিকিৎসক তাকে কলকাতায় রেফার করে। বর্তমানে ওই নাবালক আরজিকর মেডিকেল কলেজে ভর্তি রয়েছে। এই ঘটনায় জড়িত থাকার অভিযোগে পুলিশ সুবীর হালদার, সায়নদীপ হালদার ও অপ্রতিম হালদার নামে তিন যুবককে গ্রেপ্তার করেছে। বন্দুকটি কোথা থেকে এলো, কে গুলি চালিয়েছিল তা তদন্ত করে দেখছে পুলিশ।

পুলিশ ও স্থানীয়রা জানিয়েছে, আহত নাবালক বিদ্যুৎ ব্যাপারী একাদশ শ্রেণীর ছাত্র। বাবা বাদল ব্যাপারী পেশায় সুপুরি ব্যবসায়ী। ধৃত প্রতিবেশি সুবীর ও সায়নদীপ দুই ভাই। এদিন দুপুরে তাঁদের ছাদে নেশার আসর বসেছিল। যেখানে গিয়েছিল বিদ্যুৎ ও অপ্রতিম। অভিযোগ, তাঁরা ছাদে বসে নেশার আসরে বন্দুক নিয়ে খেলা করছিল। সে সময় বন্দুকের থেকে গুলি ছিটকে বিদ্যুতের পেটে লাগে। রক্তাক্ত অবস্থায় বিদ্যুৎ ছাদের উপর ছিটকে পড়ে। এরপরই বাকি তিনজন বিদ্যুৎকে নিয়ে ঠাকুরনগর গ্রামীণ হাসপাতালে ভর্তি করে পাশের লেবু বাগানে এসে গা ঢাকা দেয়।

তৃতীয় পাতায়...

## ক্ষতিপূরণের টাকা নিয়ে দুর্নীতির অভিযোগ বিজেপির প্রাক্তন জেলা সভাপতির, চাঞ্চল্য

প্রতিনিধি : বিজেপির বনগাঁ সাংগঠনিক জেলার প্রাক্তন সভাপতি মনস্পতি দেবের একটি ফেসবুক পোস্ট ঘিরে বিতর্ক তৈরি হলো। ওই ফেসবুক পোস্টে তিনি জানিয়েছেন, বনগাঁ সাংগঠনিক জেলা এলাকায় ভোট পরবর্তী হিংসার ঘটনায় যারা আক্রান্ত হয়েছেন তারা কেউ ক্ষতিপূরণের টাকা পাননি। যদিও কেন্দ্রের থেকে টাকা পাঠিয়ে দেওয়া হয়েছিল বলে তিনি সেই পোষ্টে দাবি করেছেন। এটি একটি দুর্নীতি; তার তদন্ত দাবি করেছেন তিনি।

এ বিষয়ে মনস্পতি বাবু বলেন, "রাজ্য থেকে জানানো হয়েছিল ৪১ জনের ব্যাংক একাউন্টে টাকা পাঠিয়ে দেওয়া হয়েছিল। কিন্তু তারা টাকা পাননি। তারা আমার কাছে জানতে চাইছেন। ব্যাংকের ত্রুটির কারণে এই ঘটনা বলে আমার মনে হচ্ছে। সে কারণেই তদন্তের দাবি করেছি।"

চতুর্থ পাতায়...

## কংক্রিটের সেতু নির্মাণে দুর্নীতির অভিযোগ, পোস্টার-ব্যানার হাতে বিক্ষোভ বাসিন্দাদের

প্রতিনিধি : কংক্রিটের সেতু নির্মাণে কম ইমারতি দ্রব্য ব্যবহার সহ একাধিক দুর্নীতির অভিযোগ এনে পোস্টার ব্যানার হাতে নিয়ে বিক্ষোভ দেখালো শতাধিক বাসিন্দারা। সোমবার সকালে ঘটনাটি ঘটেছে বনগাঁ ব্লকের কালুপুর ও পাল্লা গ্রাম পঞ্চায়েতের চৈতি নদী সংলগ্ন তালখোলা এলাকায়।

অভিযোগ, নিম্নমানের সেতু বানিয়ে সেতু তৈরির ইমারতি দ্রব্য নিয়ে স্থানীয় এক তৃণমূল নেতা নিজের বাড়ি তৈরি করছেন। সূত্রে জানা গিয়েছে, গোপালনগর থানার বেলদা, পাল্লা এলাকা থেকে খড়ুয়া রাজাপুর চাঁদপাড়া সহ একাধিক জায়গায় যাওয়ার একমাত্র মাধ্যম এই সড়ক। প্রায় ৮ কিলোমিটার লম্বা। এই সড়কের উপর তালাখোলা এলাকায় চৈতি নদীর উপর অতীতে একটি বাঁশ ও কাঠের সাঁকো ছিল। সাধারণ মানুষের সেখানে সেতু নির্মাণের দাবি দীর্ঘদিনের। দাবি মেনে বছর দুয়েক আগে চৈতি নদীর উপর একটি পাকা সেতু তৈরির কাজ শুরু করে প্রশাসন। দিন পনেরো আগে প্রাথমিকভাবে সেই সেতু তৈরির কাজ শেষ হয়েছে।

দিয়ে তৈরি হওয়ায় সেতুর পাশে ফাটল দেখা যাচ্ছে। পাশাপাশি সেতুসংলগ্ন যে রাস্তা তৈরি করা হয়েছে সেটিও নিম্নমানের। তৈরীর পর থেকেই পিচ ওঠা শুরু হয়েছে।



স্থানীয়দের অভিযোগ, সেতুটি যতটা লম্বা ও চওড়া হওয়ার কথা ছিল, পরে দেখা গেল তা করা হয়নি ও উচ্চতা অনেক কমিয়ে ফেলা হয়েছে। নিম্নমানের সামগ্রী

স্থানীয় গণেশ রায়, অভিমুন্য দত্তরা বলেন, "সেতু তৈরীর ইমারতি দ্রব্যের সাপ্লায়ার ছিল স্থানীয় তৃণমূল নেতা। তিনি সেতু তৈরির ইমারতি তৃতীয় পাতায়...

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-
৯২৩২৬৩৩৮৯৯
৮৯১৮৭৩৬৩৩৫
৭০৭৬২৭১৯৫২

SHREYA MOTORS
Finance Available
এখানে সমস্ত ধরনের পুরাতন মোটর সাইকেল এবং চারচাকা ক্রয় ও বিক্রয় করা হয়। পুরাতন গাড়ি এক্সচেঞ্জের সুবিধা আছে।
ঢাকুরিয়া কালীবাড়ি (চাঁদপাড়া), উত্তর ২৪ পরগণা প্রোঃ নিলয় পাঠক Mob.: 7797981139
ঢাকুরিয়া কালীবাড়ি পোষ্ট অফিসের সন্নিকটে

Behag Overseas
Complete Logistic Solution
(MOVERS WHO CARE)
MSME Code UAM No.WB10E0038805
ROAD - RAIL - BARGE - SEA - AIR
CUSTOMS CLEARANCE IN INDIA
Head Office : 48, Ezra Street, Giria Trade Centre, 5th Floor, Room No : 505, Kolkata - 700001
Phone No. : 033-40648534
9330971307 / 8348782190
Email : info@behagoverseas.com
petrapole@behagoverseas.com
BRANCHES : KOLKATA, HALDIA, PETRAPOLE, GOJADANGA, RANAGHAT RS., CHANGRABANDHA, JAIGAON, CHAMURCHI, LUKSAN, HALDIBARI RS, HILI, FULBARI

স্থানীয় নির্ভীক সাপ্তাহিক সংবাদপত্র
# সার্বভৌম সমাচার
বর্ষ ০৬ ❐ সংখ্যা ১১ ❐ ০২ জুন, ২০২২ ❐ বৃহস্পতিবার

## ক্ষমতার অলিন্দে থেকেই ক্ষমতায়ন

বর্তমান সময়ে বাংলার সবচেয়ে বিতর্কীত বিষয় মুখ্যমন্ত্রীর আচার্য হওয়া। ক্ষমতার অলিন্দে থেকে ক্ষমতাকে আরও সুদৃঢ় করতে সকলেই বদ্ধপরিকর। দল নির্বিশেষে তা সব সময়েই দেখা যায় বা দেখা গেছে। বিভিন্ন রাজ্যে এযাবৎকাল সরকারী বিশ্ববিদ্যালয়গুলিতে আচার্যপদে যে রাজ্যপালকে বসানো হয়েছে, তার মূল কারণ শিক্ষাক্ষেত্রের সর্বোচ্চ পদটিতে রাজনৈতিক রঙ লাগতে না দেওয়া। কিন্তু বর্তমান সময়ে রাজ্যপাল নিরপেক্ষ নয়; বরং কোন না কোন ভাবেই কোন রাজনৈতিক দলের মদতপুষ্ট। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে তো সেকথা যথেষ্ঠ ভাবে প্রযোজ্য। তাই তো বারেবারেই সরকার বনাম রাজ্যপাল দ্বন্দ্ব প্রকট হয়ে দেখা দেয়। রাজ্যপালকেই যে বিশ্ববিদ্যালয়ের আচার্য করতে হবে— এমন কোন সাংবিধানিক বাধ্যবাধকতা নেই। শিক্ষাক্ষেত্রে রাজ্যপালের প্রধান ভূমিকা উপাচার্য নিয়োগ করা। সেক্ষেত্রে তিনি এককভাবে সিদ্ধান্ত নিতে পারেন বা সরকারের সাথে আলোচনা করে নিয়োগ করতে পারেন। যেহেতু সরকারপক্ষের সাথে রাজ্যপালের সম্পর্ক মোটেও সৌহার্দ্যপূর্ণ নয়, সেহেতু উপাচার্য নিয়োগের ক্ষেত্রে বিভিন্নরকম প্রতিবন্ধকতা দেখা দিচ্ছে। তাই আপাতভাবে মনে হচ্ছে এই নিয়োগের ক্ষেত্রে রাজ্যপাল যাতে নাক গলাতে না পারেন, তার জন্য তাঁর ক্ষমতা কেড়ে নেওয়া। তার উপর আরও মজার বিষয় হল— রাজ্যপালকে আচার্য পদ থেকে সরানো বিলে রাজ্যপালকে দিয়েই সই করানো। এক্ষেত্রে সরকার পক্ষের দুই দিকে লাভ— এক দিকে ক্ষমতার অপসারণ; অন্যদিকে নিজের মৃত্যুযজ্ঞে নিজেকে দিয়েই আহুতি দেওয়ানো। এ যেন সরকারী ক্ষমতা প্রয়োগে রাজ্যপালের প্রতি ছোট্ট পরিহাস।

## চিরন্তন এর রবীন্দ্র-নজরুল জয়ন্তী উদ্‌যাপন

নীরেশ ভৌমিক ঃ বিগত বছর গুলির মতো এবারও রবীন্দ্র-নজরুল জন্ম-জয়ন্তী উদ্‌যাপন অনুষ্ঠানের আয়োজন করে গোবরডাঙা চিরন্তন এর সদস্যবৃন্দ। গত ২৮ মে সন্ধ্যায় চিরন্তন কলাকেন্দ্রে বর্ষিয়ান শিক্ষক নন্দদুলাল বোস ও প্রধান শিক্ষিকা সবিতা মজুমদার কর্তৃক মঙ্গলদীপ প্রোজ্জ্বলন ও বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর ও বিদ্রোহী কবি নজরুল ইসলামের প্রতিকৃতিতে ফুল-মালা অর্পনের মধ্য দিয়ে কবি প্রণামের অনুষ্ঠানের সূচনা হয়। কবি বন্দনার অনুষ্ঠানে উপস্থিত সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন সংস্থার কর্ণধার ও বিশিষ্ট নাট্য পরিচালক অজয় দাস। কবি বন্দনার অনুষ্ঠানে উপস্থিত সংস্থার সদস্যগন কবিদ্বয়ের কবিতা, সংগীত ও নৃত্য পরিবেশন করেন। মা'কে সঙ্গে নিয়ে ছোট্ট পরাগ দত্তের কন্ঠে কবিগুরুর বীরপুরুষ কবিতা আবৃত্তি উপস্থিত সকলের ভালো লাগে। এছাড়াও ছিল যন্ত্র সংগীতের অনুষ্ঠান ও বিশিষ্ট নৃত্য নির্দেশক ভবেশ মজুমদারের ব্যানে ট্রুপের শিল্পীদের নৃত্যশৈলী সমবেত দর্শক মন্ডলীর প্রশংসা লাভ করে। উপস্থিত রবীন্দ্র- নজরুল প্রেমীগনের কথায়-কবিতায় সংগীত ও নৃত্য এবং চিরন্তন এর অন্যতম কর্ণধার সুতপা দাস কর্মকারের পরিচালনায় এদিনের কবিদ্বয়ের প্রণাম অনুষ্ঠান বেশ প্রানবন্ত হয়ে ওঠে।

## বিজ্ঞান বিষয়ক নিবন্ধ

# নো টোবাকো ডে— এবারের থিম "পরিবেশ সুরক্ষা"



অজয় মজুমদার

প্রতিবছর ৩১শে মে "নো টোবাকো ডে" পালিত হয়। বার্ষিক উদযাপন জনগনকে তামাক ব্যবহারের বিপদ, তামাক কোম্পানির ব্যবসায়িক অনুশীলন, তামাক মহামারী মেকাবিলায় বিশ্বস্বাস্থ্য সংস্থা (WHO) কী করেছে, এবং বিশ্ব জুড়ে মানুষ তাদের স্বাস্থ্য ও সুন্দর জীবন যাপনের অধিকার দাবী করতে এবং সুরক্ষার জন্য কী করতে পারে সে সম্পর্কে জনগনকে অবহিত করে। বিশেষ করে ভবিষ্যত প্রজন্মকে। বিশ্বস্বাস্থ্য সংস্থার সদস্য রাষ্ট্রগুলি তামাক মহামারী এবং এর ফলে প্রতিরোধ মুক্ত মৃত্যু ও রোগের প্রতি বিশ্বব্যাপী দৃষ্টি আকর্ষণ করার জন্য ১৯৮৭ সালে বিশ্ব তামাক মুক্ত দিবস তৈরী করে। ১৯৮৭ সালে, বিশ্বস্বাস্থ্য পরিষদ WHA৪০.৩৮ রেজোলিউশন পাশ করে ৭ই এপ্রিল ১৯৮৮ সালে। এতে বিশ্ব ধূমপান মুক্ত দিবস পালন করার আহ্বান জানিয়ে ছিল। রেজোলিউশনে আরও বলা ছিল, প্রতি ৩১শে মে বিশ্ব তামাক মুক্ত দিবস উদযাপনের আহ্বান।

**পরিবেশের উপর তামাক শিল্পের ক্ষতিকর প্রভাব ঃ**

১. সিগারেট তৈরী করতে গাছ কাটা হয় ৬০০,০০০,০০০

২. কার্বন ডাই অক্সাইড বায়ুতে নির্গমন হয় ৮৪,০০০,০০০ টন, যা বিশ্বের তাপমাত্রা বাড়ায়।

৩. সিগারেট তৈরী করতে ২২,০০০,০০০,০০ টন জল ব্যবহার করা হয়।

পরিবেশের উপর তামাক শিল্পের ক্ষতিকর প্রভাব বিশাল এবং ক্রমবর্ধমান। আমাদের গ্রহের ইতিমধ্যেই দুষ্প্রাপ্য সম্পদ এবং ভঙ্গুর ইকোসিস্টেমের উপর অপ্রয়োজনীয় চাপ যোগ করেছে। তামাক প্রতিবছর আট মিলিয়নের বেশি মানুষকে হত্যা করে এবং আমাদের পরিবেশকে ধ্বংস করে। মানুষের স্বাস্থ্যের আরও ক্ষতি করে, চাষবাস, উৎপাদন, বিতরণ, ব্যবহার এবং ভোক্তা পরবর্তী বর্জ্যের মাধ্যমে।

**এই দিবসের থিম ঃ**

১৯৮৮ সাল থেকে প্রতি বছরই একটা করে থিম তৈরী করে টোবাকো দিবসকে পালন করা হয়। যেমন- ২০১৯ এর থিম ছিল- টোবাকো এন্ড লং হেলথ, ২০২১ ছিল- Commit to quit বা প্রস্থান করতে প্রতিশ্রুতিবদ্ধ, ২০২০তে বিশ্বব্যাপি কোভিডের সংক্রমনের জন্য কোন থিম তৈরী করা হয়নি।

**পরিবেশের ক্ষতিকর প্রভাব ঃ**

তামাক চাষ উৎপাদন এবং রাসায়নিক পদার্থ, বিষাক্ত বর্জ্য, মাইক্রোপ্লাস্টিক সহ সিগারেটের বাট এবং ই- সিগারেটের বর্জ্য নিয়ে আমাদের জল, মাটি, সমুদ্র সৈকত এবং শহরের রাস্তাগুলিতে বিষাক্ত করে তোলে। তামাক শিল্পের টেকসই উদ্যোগকে অনুদানের মাধ্যমে তাদের পণ্যগুলিকে সবুজ ধোঁয়ার মাধ্যমে এবং পরিবেশগত 'মান' সম্পর্কে রিপোর্ট করার মাধ্যমে পরিবেশগত ক্ষতি থেকে মানুষ যেন বিভ্রান্ত না হন সে দিকে নজর দিতে হবে।

**আমাদের গ্রহকে বাঁচাতে তামাক বর্জন ঃ**

প্রতিটি ধূমপান বা তামাক পণ্য ব্যবহার করা মূল্যবান সম্পদের অপচয় করে , যার উপর আমাদের অস্তিত্ব নির্ভর করে। আপনার স্বাস্থ্য এবং আমাদের গ্রহের স্বাস্থ্যের জন্য তামাক ত্যাগ করা খুব প্রয়োজন। তামাকের ধোঁয়া উচ্চবায়ু দূষণের অন্যতম কারণ। এছাড়াও এতে তিন ধরনের গ্রীন হাউস গ্যাস থাকে'।

**তামাক উৎপাদনকারিদের উপকারি ফসল উৎপাদনে উৎসাহিত করা ঃ**

সরকার এবং নীতি নির্ধারকদের উচিত তামাক চাষীদের বিকল্প এবং টেকসই জীবিকার দিকে উৎসাহিত করা। তামাক নিয়ন্ত্রন ব্যবস্থা বাস্তবায়ন অব্যাহত রাখার জন্য সহায়তা করা জরুরী।

**কেন ধূমপান ক্ষতিকর ঃ**

ধূমপায়ীদের করোনা হওয়ার ঝুঁকি বেশি। কারণ তারা ক্রমাগত তাঁদের ঠোঁটে হাত রাখেন। করোনো দ্বারা ধূমপায়ীরা সংক্রমিত হলে, চট করে লাং ধরে ফেলে। কারণ এদের লাং বা ফুসফুস এমনিতেই দুর্বল থাকে। এদের ক্ষেত্রে জটিল এবং ঝুকি থাকে। এই ঝুকি কমাতে এবং একটি স্বাস্থ্যকর জীবন যাপন শুরু করতে আজই ধূমপান বর্জন করা উচিত।

**কী করে তামাক ছাড়াবেন ঃ**

১. বিলম্ব - যতক্ষণ পারবেন নেশা বর্জন করুন।

২. নেশার প্রবল ইচ্ছা যখন তৈরী হয়ে তখন নিজেকে ভেতর থেকে শিথিল করতে ১০টি গভীর শ্বাস নিন।

৩. জলপান করুন, দেখবেন ধূমপান আটকানোর একটি স্বাস্থ্যকর বিকল্প।

৪. নিজেকে বিভ্রান্ত করার জন্য অন্য কিছু করুন। যেমন স্নান করুন, বই পড়ুন, হাঁটতে যান, কিংবা গান শুনুন'।

এটি হল ইলেকট্রনিক নিকোটিন ডেলিভারি সিস্টেম (ENDS) এবং ইলেকট্রনিক নন- নিকোটিন ডেলিভারি সিস্টেম (ENNDS) এর সব থেকে সাধারন রূপ কিন্তু আমাদের আছে। যেমন ই- সিগার, ই- পাইপ, ই- শিসা ইত্যাদি। একটি অ্যারোসেল তৈরী করার জন্য তরল যা সাধারনত নিকোটিন ধারন করে, যা ব্যবহারকারী শ্বাস নেয়। অ্যারোসেলগুলিতে অন্যান্য বিষাক্ত পদার্থও থাকেও। যেমন ফর্মালডিহাইড যা একটি ক্যানসার সৃষ্টিকারী পদার্থ এবং সেকেন্ড হ্যান্ড অ্যারোসেলের সংস্পর্শে আসা উভয়ের জন্যই ক্ষতিকর।

ENNDS প্রায়ই সিগারেট ধূমপানের পরিপূরক হিসাবে ব্যবহার করা হয় এবং বিকল্প হিসাবে বিশেষ করে ধূমপান মুক্ত পরিবেশের মার্কিন যুক্তরাষ্ট্র প্রায় ৭০% প্রাপ্ত বয়স্ক ENDS ব্যবহার কারীরাও বর্তমান সিগারেট গ্রহন করে। সেখানে তরুণদের মধ্যে দ্বৈত ব্যবহারকারিরা শতাংশ কম, ৩৩% এই ভাবে, ENNDS এবং সিগারেটের দ্বৈতব্যবহার নিকোটিন নির্ভরতা বজায় রাখে। শিশু এবং কিশোর কিশোরীদের দ্বারা ব্যবহৃত ই- সিগারেট ভয়ংকর বিপদজনক। নিকোটিন অত্যন্ত আসক্ত এবং মস্তিস্কের বিকাশে দীর্ঘস্থায়ী ক্ষতিকারক প্রভাব ফেলতে পারে।

# বাঙালির বিবেক ঘুমায়, পুলিশি হয়রানির ভয়ে



নির্মল বিশ্বাস

গত সপ্তাহের পর...

শাসকেরা চিরকালই পুলিশকে মানবিক হতে বলেন। মানবিক মুখে পুলিশ কর্মীরা অস্বস্তিবোধ করেন। যখন দেখেন, নিগৃহীতা বা ধর্ষিত হওয়া নারী থানায় অভিযোগ জানাতে এলে পুলিশ কর্তৃক পুনঃনিগৃহিতা বা ধর্ষিত হন। কখনও শারীরিকভাবে, কখনও মানসিক ভাবে। সবচেয়ে আশ্চর্যের, আইনের রক্ষকরা মহিলা সহকর্মীকে কু-প্রস্তাব, কু-ইঙ্গিত করেন বা উত্যক্ত করেন কিংবা মোবাইলে অশ্লীল ছবি বা ম্যাসেজ পাঠিয়ে বিব্রত করেন। সুযোগ পেলে ধর্ষণ করেন। এইসব পুলিশকর্মীর অপকর্মের দায়ভার বহন করাতে হয় সমগ্র পুলিশ বাহিনীকে।

মনে পড়ছে? বারাসতের রাজীবকে? রাজীবকে দিদির সম্ভ্রম বাঁচাতে গিয়ে প্রাণ দিতে হয়েছিল। ঢিল ছোড়া দূরত্বে জেলা শাসকের বাংলো থাকা সত্ত্বেও রাজীবের দিদি রিঙ্কু দাস নিজের ভাইকে বাঁচাতে চিৎকার করেও পুলিশ কিংবা জনতার সহযোগিতা পায়নি সেদিন। নিরাপরাধ রাজীবকে মরতে হয়েছে। প্রকাশ্য দিবালোকে শ্লীলতাহানি ঘটলেও মানুষ নীরব দর্শকের ভূমিকা পালন করেন। পরবর্তীতে বিপদ ঘটতে পারে এই ভেবে।


একসময় আইন-শৃঙ্খলা রক্ষার জন্য এদেশে পুলিশবাহিনী গড়ে ছিল ব্রিটিশরা নিজেদের স্বার্থে। কখনও পুলিশকে শৃঙ্খলাপরায়ণ করেননি। তাঁদের ছিল উত্তম বেতন, আরামদায়ক খানাপিনা ও সুন্দর বাসস্থান। তাছাড়া ঠাকুর, চাকর, বাবুর্চি। এলাহি বন্দোবস্ত। সেই সময় নীচুতলার পুলিশকর্মী বলতে থানার দারোগা, কনস্টেবল। এদেশের সকলেই ছিল 'নেটিভ'। ধান্দা করে আয়-উপার্জনের পথ করে দিয়ে ছিলোব্রিটিশরা। তবে উপরি পাওনার লোভে পুলিশ কখনই শৃঙ্খলাপরায়ণ বাহিনী হিসাবে গড়ে ওঠেনি।

পুলিশের কথা ভাবলে, চোখের সামনে আয়নার মতো ভেসে ওঠে বিশাল বপু, মস্ত ভুঁড়ি, খৈনী টিপতে থাকা হাত দুটি সদা ব্যস্ত, এমন পরিচিত সব ছবি। ইংরেজি সিনেমা অভিনেতা চার্লি চ্যাপলিনের মতো খাকি জামা পরা, প্যান্টটা কোমরের বেড় থেকে ক্রমশই নীচের দিকে নেমে যাচ্ছে। ভুঁড়ির উপর কোমরে চামড়ার মোটা চওড়া বেল্টে বেঁধেও ধরে রাখা যাচ্ছে না।

ব্রিটিশরা এদেশ থেকে চলে গিয়েছে ৭৫ বছর। কিন্তু এদেশীয় শাসকরা পুলিশের চরিত্র বদলাতে কখনই উৎসাহ দেখাননি। তবে, পুলিশ তো আর অন্য গ্রহের জীব নয়। পুলিশ তো রাষ্ট্রের অঙ্গ, চিরাচরিত শাসন ব্যবস্থাকে রক্ষা করার দায়িত্ব বর্তায় তাঁদের ওপর। পুলিশকে বিশেষ প্রশিক্ষণ দিয়ে গড়া হয়। অথচ প্রতিটি রাজ্যের পুলিশ রাজনৈতিক নেতাদের অঙ্গুলি হেলনে চলেন। আবার কখনও কোনও এক বিশেষ ধর্মীয় ধারাকে প্রকাশ্যে অনুসরণ করে চলেন। তাঁদের কর্তব্য ও অবস্থান হওয়া উচিত ছিল ধর্মনিরপেক্ষ রাষ্ট্রের কথা ভেবে।

এই রাজ্যের মানুষ ভয়ানক দারিদ্রের শিকার। তাঁদের সঙ্গী দলিত আদিবাসী, গরিব মুসলমান ও হিন্দু নিম্নবর্গীয় মানুষ। এঁরা না খাওয়া দিন-মজুর, পুলিশের গুলি এঁদের বুক ভেদ করে। নেতারা আন্দোলনের নামে নিরন্ন মানুষদের পাঠান সামনের সারিতে। নেতারা কখন পুলিশের শিকার হন না। জন্মগত সূত্রে এরা শাসক শ্রেণির অংশ।

পুলিশও কখনও মানবিক মুখ হন। ছোট ছোট শিশু ও বৃদ্ধ-বৃদ্ধাদের রাস্তা পার করে দিতে দেখা যায়। এই পুলিশের ওপর ঈশ্বরের নির্দেশ স্বরূপ রাজনৈতিক কেষ্ট-বিষ্টুরা লালচোখ দেখান। তা সত্ত্বেও পুলিশের যথাযথ ভূমিকা পালনে খুনী সজল বারুই ধরা পড়ে। এভাবেই মানবিক মুখ নিয়েই পুলিশ অফিসার বাপী সেন ইভটিজারদের প্রতিবাদ করে প্রাণ দিয়েছেন। সাধারণ মানুষ বনাম রাজনৈতিক নেতা, সমাজের এই চিরাচরিত দ্বন্দ্বটিকে সমাধিত না করে পুলিশকে আরও একটু মানবিক হতে হবে। এই পুলিশকে আরও নিষ্ঠুরভাবে প্রস্তুত হতে হবে।



গণতান্ত্রিক মনকে এই সত্যটি বোঝাতে হবে। আমাদের ছেলেবেলায় বইয়ে পড়া 'মানুষের প্রকৃত বন্ধু হয়ে উঠতে পারে পুলিশ'।

সমাপ্ত...

প্রতিকি ছবি। সৌজন্যে গুগুল

পড়ুন পড়ান
সার্বভৌম সমাচার
WWW.SARBABHAUMASAMACHAR.IN/
বিজ্ঞাপনের জন্য এখনই যোগাযোগ করুন

বিজ্ঞাপনের জন্য
৯২৩২৬৩৩৮৯৯
৮৯১৮৭৩৬৩৩৫

# সাঁকো দিয়ে যাতায়াত বন্ধ করে বিক্ষোভ বাসিন্দাদের, ভোগান্তিতে সাধারণ যাত্রী

প্রতিনিধি : ভার বহন ক্ষমতার পরীক্ষার জন্য বনগাঁ বাগদা সড়কের আষাঢ় ব্রিজ শুক্রবার গভীর রাত থেকে বন্ধ রেখেছে প্রশাসন। এরপর থেকে বেশিরভাগ মানুষ পার্শ্ববর্তী পারকৃষ্ণচন্দ্রপুরের কোদালিয়া নদীর ওপরের বাঁশ কাঠের সাঁকো দিয়ে যাতায়াত করছিল।

শনিবার বিকেল থেকে ওই বাঁশ-কাঠের সেতু বন্ধ করে বিক্ষোভ শুরু করল স্থানীয় বাসিন্দারা। সমস্যায় পড়েছে প্রচুর মানুষ। খবর পেয়ে ঘটনাস্থলে বাগদা থানার পুলিশ ও স্থানীয় গ্রাম পঞ্চায়েতের প্রতিনিধিরা।

স্থানীয়দের বক্তব্য, দুর্বল সেতুটি স্থানীয়রা টাকা পয়সা তুলে মেরামত করে। যাত্রীর চাপ বেড়ে যাওয়ায় সেতুটির বাঁশকাঠ নষ্ট হয়ে যাচ্ছে। সেতুটি দ্রুত মেরামতির আশ্বাস না পেলে বিক্ষোভ চলবে। প্রশাসন সূত্রে জানা গিয়েছে, বাঁশ-কাঠের তৈরি ওই সেতুটি পঞ্চায়েত সমিতির পক্ষ থেকে রক্ষণাবেক্ষণ করা হয়। স্থানীয়দের দাবি, হঠাৎ সেতুর কোন অংশ ভেঙে গেলে নিজেরা টাকা তুলে সেতু মেরামতি করে।

অভিযোগ, আষাঢ় ব্রিজ বন্ধ হতেই স্থানীয় ক্লাবের নাম করে সাঁকো দিয়ে যাতায়াতকারী ব্যক্তিদের কাছ থেকে দশ টাকা করে চাঁদা নেওয়া হচ্ছিল। প্রশাসনিক কর্তারা তার খবর পেয়ে বন্ধ করে দেয়। এর পরেই ক্ষুব্ধ বাসিন্দারা সেতুটি মেরামতির দাবি তুলে তা বন্ধ করে বিক্ষোভ শুরু করেছে। হেলেঞ্চা গ্রাম পঞ্চায়েতের প্রধান চায়না বিশ্বাস ঘটনাস্থলে এসে অবরোধকারীদের আশ্বস্ত করেন। তিনি বলেন" বাঁশ-কাঠের সাঁকোটি খারাপ হলে আমরা অবশ্যই মেরামতি করব। বাগদা পঞ্চায়েত সমিতির সভাপতি গোপা রায় বলেন, "বাগদা এলাকায় বেশ কয়েকটি বাস কাঠের তৈরি সেতু রয়েছে। সেগুলি খারাপ হওয়ার খবর আমরা জানতে পারলেই মেরামতির ব্যবস্থা করি। এক্ষেত্রেও তার অন্যথা হবে না।"

# গোবরডাঙায় সেবার সাহিত্য সভায় সংবর্ধিত কবি স্বপন হালদার

নীরেশ ভৌমিক ঃ জন্ম মাসে কবি নজরুল ইসলামের প্রতিকৃতিতে ফুল মালা অর্পন ও উদ্বোধনী সংগীতের মধ্য দিয়ে গত ২৮ মে অপরাহ্নে শুরু হয় গোবরডাঙা সেবা ফার্মার্স সমিতি আয়োজিত ৩০তম মাসিক সাহিত্য সভা। সভার শুরুতেই জন্ম সার্ধদ্বিশত বর্ষে রাজা রামমোহন রায়ের জীবন ও কর্মের উপর মনোজ্ঞ ভাষণ দান করেন অবসর প্রাপ্ত প্রধান শিক্ষক ও বিশিষ্ট কবি স্বপন বালা। এদিনের সাহিত্য সভায় বিভিন্ন জেলা থেকে আগত কবিগণ স্বরচিত কবিতা পাঠ করেন। জেলার বিভিন্ন প্রান্ত থেকে আগত কবিগণ স্বরচিত কবিতা পাঠে অংশে নেন।

গুনীজন সংবর্ধনায় চাতরার বাসিন্দা বর্ষিয়াণ কবি স্বপন হালদারকে পুষ্পস্তবক, উত্তরীয়, স্মারক উপহার ও মানপত্র প্রদানে শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন সেবা সমিতির সভাপতি হিমাদ্রী গোমস্তা ও সম্পাদক গোবিন্দলাল মজুমদার বিশিষ্ট কবি ও সমাজকর্মী স্বপনবাবুর জীবনের বিভিন্ন দিক, সেই সঙ্গে কাব্যচর্চা ও তার সেবামূলক বিভিন্ন কাজের খতিয়ান তুলে ধরে বক্তব্য রাখেন কবির শিক্ষিকা কন্যা রমা রায়, কবিতা পাঠ করেন পুত্রবধূ চন্দ্রা হালদার, ছোট





নাতনি ঈশিতার কবিতা আবৃত্তি উপস্থিত সকলকে মুগ্ধ করে। এদিনের কবি সম্মেলনে স্বরচিত কবিতা পাঠে অংশে নেন, বর্ষিয়ান কবি বিবর দত্ত, কৃষ্ণপ্রসাদ ব্রহ্ম, নবকুমার বিশ্বাস, গোপাল পাত্র, মধুছন্দা দাস, অলকানন্দ বসু, প্রতাপ মোহন চট্টোপাধ্যায় প্রমুখ, বিশিষ্ট কবি ও সাংবাদিক রাসমোহন দত্ত, বিশিষ্ট আবৃত্তিকার সাধনা মজুমার ও শিক্ষিকা কাকলি রায়ের সঞ্চালনায় এদিনের সেবা ফার্মাস সমিতি আয়োজিত ৩০ তম সাহিত্য সভা সার্থকতা লাভ করে।

# ক্ষতিপূরণের টাকা নিয়ে দুর্নীতির অভিযোগ

প্রথমপাতার পর...

সূত্রে জানা গিয়েছে, ২০২১ এর বিধানসভা নির্বাচনে রাজ্যে বিজেপির ভরাডুবি হয়েছিল। তারপরেই বিভিন্ন বিধানসভা এলাকায় বিজেপি কর্মীদের আক্রান্ত হওয়ার অভিযোগ উঠেছিল। বহু কর্মী ঘরছাড়া হয়েছে এমনই দাবি তুলে সরব হয়েছিল বিজেপি। সে সময় বিজেপির পক্ষ থেকে আক্রান্তদের জন্য ক্ষতিপূরণ বাবদ অর্থ দেওয়ার কথা বলে বিভিন্ন সাংগঠনিক জেলা থেকে তালিকা চাওয়া হয়েছিল। বনগাঁ সাংগঠনিক জেলা থেকে প্রায় ৩৩০জন কর্মীদের তালিকা পাঠানো হয়েছিল। মনস্পতি বাবু জানিয়েছেন, "সেই তালিকা থেকে ৪১ জনের একটি তালিকা রাজ্য কমিটি থেকে আমাদের কাছে পাঠানো হয়েছিল। সরাসরি তাদের একাউন্টে টাকা দিয়ে দেওয়া হচ্ছে বলে জানানো হয়েছিল। কিন্তু আজও কেউ সেই টাকা পাননি। মনস্পতি বাবুর সেই পোষ্টটি প্রকাশ্যে আসতেই স্থানীয় বিজেপি নেতাদের বিরুদ্ধে প্রশ্ন তুলেছেন একাংশের বিজেপি কর্মীরা। এ বিষয়ে বর্নমা সাংগঠনিক জেলার বিজেপির বর্তমান সভাপতি রামপদ দাস বলেন, "ইলেকশনের পরবর্তী সময়ে মনস্পতি বাবুই দলের সভাপতি ছিলেন। সহ-সভাপতি রাজর্ষি বিশ্বাসের উপর এই তালিকার দায়িত্ব ছিল। শুনেছিলাম কর্মীদের একাউন্টে কিছু সমস্যার কারনে টাকা ঢোকেনি। পরে ওনাকে ভুল ত্রুটি সংশোধন করে তালিকা পাঠাতে বলা হয়েছিল। আমি রাজর্ষি বাবুর সঙ্গে বিষয়টি নিয়ে কথা বলে দেখব।" যদিও বিজেপি নেতা রাজর্ষি বিশ্বাস বলেন, "তালিকায় যাদের নাম ছিল, তাদের অনেকেরই ব্যাংকের অ্যাকাউন্ট আইএফসি কোড বিভিন্ন বিষয়ে সমস্যা ছিল। আমরা ভুল ত্রুটি সংশোধন করে নতুন করে পরে তালিকা পাঠিয়েছিলাম। কিন্তু কেন টাকা আসেনি তা বলতে পারব না।" বিষয়টি নিয়ে পাল্টা দুর্নীতির অভিযোগ তুলেছেন বিজেপির বিরুদ্ধে। তৃণমূল বনগাঁ সাংগঠনিক জেলার সভাপতি গোপাল শেঠ বলেন, "বিজেপি যে একটি দুর্নীতিগ্রস্ত দল, এই ঘটনা থেকেই তা প্রমাণিত হয়।"



Manaspati Deb
1d ·

এরা বিজেপি বনগাঁ জেলার হতভাগ্য কর্মী। পোষ্ট পোল ভায়োলেন্সে সব হারিয়েছে, দলের কেন্দ্রীয় কমিটির পক্ষ থেকে এদের জন্য ক্ষতিপূরণের টাকা এসছিলো , কিন্তু এরা পায় নি।। এখানে মোবাইল নং দেওয়া আছে যে কেও ভেরিভাই করতে পারেন।। এই আর্থিক দুর্নীতির তদন্ত হওয়া উচিত।।

| District | BENEFICIARY IFSC | BENEFICIARY ACCOUNT NO | BENEFICIAR |
|---|---|---|---|
| Bongaon | BARBOKALNAD | 42230100016321 | SANJIB MOND |
| Bongaon | BKID0004150 | 415018210081 | JATENDRA MA |
| Bongaon | BKID0004150 | 415010110000911 | SUMAN MAJU |
| Bongaon | BKID0004150 | 415010110005285 | MANAJ DHAR |
| Bongaon | BKID0004222 | 422210100019815 | KIRAN CH. SA |
| Bongaon | CBIN0282552 | 3447055280 | PRADIP MONI |
| Bongaon | CBIN0282552 | 1193920621 | LAKHAN DAS |
| Bongaon | CBIN0282552 | 3220356262 | PROTIMA MIS |
| Bongaon | ALLA0210866 | 50246374178 | MONIKA BAIR |
| Bongaon | ALLA0210866 | 21749740028 | MANINDRA R |
| Bongaon | ALLA0210866 | 50362687714 | PROKASH ROY |
| Bongaon | ALLA0210866 | 21749781496 | ASHOK BARAI |
| Bongaon | ALLA0210866 | 21749760384 | SUBHAS ADHI |
| Bongaon | ALLA0210866 | 50344002255 | AJIT BHAKTA |
| Bongaon | ALLA0210866 | 50225549259 | SANJOY BARA |
| Bongaon | ALLA0210866 | 50260242622 | RATAN BARAI |
| Bongaon | ALLA0210866 | 59190346157 | PAMPA DHALI |
| Bongaon | ALLA0210866 | 50385022207 | SAYAN ROY |
| Bongaon | ALLA0211916 | 50188801639 | SAMBHU BISV |
| Bongaon | IDIB000K546 | 21749759992 | SHYAMAL SA |

| | |
|---|---|
| 9143431636 | Bank of Baroda |
| 9749818897 | Bank of India |
| 9614141019 | Bank of India |
| 9064430832 | Bank of India |
| 7044273307 | Bank of India |
| 7439393491 | Central Bank of India |
| 8481029244 | Central Bank of India |
| 7890740049 | Central Bank of India |
| 6290497990 | Indian Bank |
| 9836889478 | Indian Bank |
| 6291663232 | Indian Bank |
| 9748092228 | Indian Bank |

# নাবালকদের হাতে আগ্নেয়াস্ত্র, জখম ১

প্রথমপাতার পর...

এদিন স্থানীয় নাবালকের গুলিবিদ্ধ হওয়ার ঘটনা ছড়িয়ে পড়তেই চাঞ্চল্য ছড়ায় ঠাকুরনগর এলাকায়। নাবালকদের হাতে আগ্নেয়াস্ত্র কোথা থেকে এলো তা নিয়ে প্রশ্ন তুলছে বাসিন্দারা। স্থানীয় তৃণমূল নেতা নরোত্তম বিশ্বাস বলেন, "আমরা শুনেছি বিদ্যুৎ লেবু বাগানে গুলিবিদ্ধ হয়েছে। এমন ঘটনা আমাদের এখানে আগে কখনো ঘটেনি। যারা এই ঘটনা ঘটিয়েছে, পুলিশ তাদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করুক।"

# স্বরবিতান এর কবি প্রণাম

নীরেশ ভৌমিক ঃ চাঁদপাড়া সানাপাড়ার অন্যতম সংগীত শিক্ষার প্রতিষ্ঠান স্বরবিতান অন্যতম বছরের মতো এবারও রবীন্দ্র জন্ম জয়ন্তী অনুষ্ঠানের আয়োজন করে। প্রতিষ্ঠানের সংগীত শিক্ষার্থীগণের সমবেত কণ্ঠে সংগীতের মধ্যে দিয়ে ৭ম বার্ষিক কবি প্রণাম অনুষ্ঠানের সূচনা হয়। উপস্থিত অভিভাবক সহ রবীন্দ্র প্রেমী সকল মানুষজনকে শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন স্বরবিতান এর অধ্যক্ষ বিশিষ্ট সংগীত শিক্ষক প্রদীপ সরকার।

উপস্থিত শিক্ষার্থীগণ সংগীত আবৃত্তি, নৃত্য ও কথায় কবিতায় কবিকে স্মরণ করেন ও কবির প্রতি শ্রদ্ধা জানান, এদিনের প্রতিকুল আবহাওয়া সত্ত্বেও বহু রবীন্দ্রপ্রেমী মানুষজনের স্বতঃস্ফূর্ত উপস্থিতি ও অংশে গ্রহনে স্বরবিতান আয়োজিত কবি গুরুর ১৬২ তম জন্ম জয়ন্তীর অনুষ্ঠান বেশ প্রাণবন্ত হয়ে ওঠে।

# স্নেহ'র বর্ষপূর্তি উৎসবে নানা অনুষ্ঠান

নীরেশ ভৌমিক ঃ গোবরডাঙ্গার অন্যতম স্বেচ্ছাসেবি সংগঠন স্নেহ তাঁর সমাজসেবা মূলক কাজকর্মের প্রথম বর্ষ পূরণ করে গত ১ জুন। দিনটিকে স্মরনীয় করে রাখতে নানা




কর্মসূচীর আয়োজন করে স্নেহ'র সদস্যরা। এদিন সকালে গোবরডাঙ্গার পৌর টাউন হলে পৌর প্রধান শংকর দত্ত কর্তৃক মঙ্গলদীপ প্রজ্জোলন ও বিশিষ্ট সংগীত শিল্পী আঁকন মজুমদারের গাওয়া গানের মধ্য দিয়ে বর্ষপূর্তি অনুষ্ঠানের সূচনা হয়।

এদিনের অনুষ্ঠানের পৌরপ্রধান শ্রী দত্ত ছাড়াও উপস্থিত বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলরগণকেও উত্তরীয়, ফুলগাছের চারা সহ স্মারক উপহারে সংবর্ধনা জ্ঞাপন করেন উদ্যোক্তরা। বিশেষ সংবর্ধনা জ্ঞাপন করা হয় উপস্থিত পরিবেশ ও সংস্কৃতি প্রেমী বর্ষিয়ান শিক্ষক নন্দদুলাল বসু ও প্রবীন সাংবাদিক ও সাহিত্যিক রাসমোহন দত্তকে।

পৌরপ্রধান শংকর দত্ত ও শিক্ষক নন্দবাবু তাঁদের বক্তব্যে স্নেহ'র বিভিন্ন সমাজসেবা মূলক কাজকর্মের ভূয়সী প্রশংসা করেন। সংস্থার অন্যতম কর্ণধার সুদীপ্ত দাম ও সমাজকর্মী তরুণ শীলের উদ্যোগে এদিন স্থানীয় রামকৃষ্ণ সারদা সেবাশ্রমের অনাথ ছাত্রদের মধ্যে নতুন পোষাক ও খাবার প্রদান করা হয়।

# কংক্রিটের সেতু নির্মাণে দুর্নীতির অভিযোগ

প্রথমপাতার পর...

দ্রব্য বাড়িতে নিয়ে গিয়ে নিজের বাড়ি তৈরি করছে। স্থানীয় বৃদ্ধ মনিমোহন মন্ডল বলেন, "জেলা পরিষদের মাধ্যমে দুই বছর ধরে এই সেতুটি তৈরি করা হয়েছে। নিম্নমানের কাজ হচ্ছে দেখে আমরা সিডিউল দাবি করেছিলাম। তা দেখাতে অস্বীকার করেছিল ঠিকাদার। একজনকে মারধরও করে।" সেতু তৈরিতে দুর্নীতির অভিযোগ এনে সোচ্চার হয়েছেন বনগাঁ দক্ষিণ কেন্দ্রের বিজেপি বিধায়ক স্বপন মজুমদার। তিনি বলেন, "তালখোলা গ্রামের তৃণমূল নেতা ভজন সরকারের নেতৃত্বে ব্রিজের কাজ হয়েছে। তিনি সেই ব্রিজে মাল কম দিয়ে বাঁচিয়ে রেখে নিজের বাড়ির কাজ করেছে। গ্রামবাসী আরটিআই করলেও তাঁদের তথ্য জানানো হচ্ছে না। একদিকে কংক্রিট করেছে, আরেক দিকে ইটের করেছে। দুর্ঘটনা ঘটলে এর দায়ভার কে নেবে?" যদিও এ বিষয়ে তৃণমূল নেতা ভজন সরকারের কোনো বক্তব্য মেলেনি। সেতুর সামগ্রী নিয়ে তৃণমূল নেতার বাড়ি তৈরীর অভিযোগ অস্বীকার করে পাল্টা গ্রাম পঞ্চায়েতের প্রধান নিশিথ বালা বলেন, "কেউ অভিযোগ করতেই পারে। কিন্তু সেটা কতটা সংগত তা দেখতে হবে। গ্রামের মানুষ আমাকে অভিযোগ জানায়নি। আমার পঞ্চায়েত এলাকায় সেতুটি তৈরি করেছে জেলা পরিষদ। জেলা পরিষদের যারা দায়িত্বে আছেন, তাদের বিষয়টি তদন্ত করে দেখার কথা জানাবো।"

# গোবরডাঙ্গায় শুরু হল মুকুলিকার নাট্যকর্মশালা

সঞ্জিত সাহা ঃ ভারত সরকারের সাংস্কৃতি মন্ত্রকের সংগীত ও নাটক আকাডেমীর অর্থানুকুল্যে গোবরডাঙ্গার অন্যতম সাংস্কৃতিক মুকুলিকা গানের স্কুলের উদ্যোগে শুরু হয় সপ্তাহ ব্যাপি নাটকের কর্মশালা। গত ২৯ মে স্থানীয় সরকার পাড়া নেতাজী আর্দশ বিদ্যাপীঠে আয়োজিত নাট্য কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশিষ্ট নাট্যব্যক্তিত্ব আশিস চট্টোপাধ্যায়, দীপা ব্রহ্ম ও বিশিষ্ট নাট্য পরিচালক জীবন অধিকারী।

মুকুলিকার গানের স্কুলের কর্ণধার বিশিষ্ট সংগীত শিক্ষিকা অনিমা মজুমদার জানান, আগামি ৪ জুন কর্মশালার শেষ দিনে উপস্থিত থাকবেন রাজ্য নৃত্যনাটক সংগীত ও দৃশ্যকলা আকাডেমীর সদস্য সচিব হৈমন্তী চট্টোপাধ্যায়, থাকবেন বিশিষ্ট সাংবাদিক বিপ্লব কুমার ঘোষ, নীরেশ চন্দ্র ভৌমিক, রামমোহন দত্ত প্রমুখ।

# ফের তৃণমূলের গোষ্ঠী দ্বন্দ্ব প্রকাশ্যে

প্রথমপাতার পর...

অভিযোগ করা হয়েছে, যদি এই ঘটনা মিথ্যা হয় তাহলে প্রশাসন ব্যবস্থা নিক।"

প্রসঙ্গত কদিন আগে বিজিটিএ এর পক্ষ থেকে বনগাঁ মহকুমা শাসকের করণে মহকুমা শাসকের কাছে একটি স্মারকলিপি জমা দিয়ে বলা হয় পার্কিং থেকে অবৈধভাবে কিছু গাড়িকে বাংলাদেশে রপ্তানির উদ্দেশ্যে ছেড়ে দেওয়া হচ্ছে। পার্কিংয়ের এই ধরনের অবৈধ কাজের বিষয়ে প্রশাসন নজর দিক এবং যে বা যারা এ ঘটনার সাথে যুক্ত রয়েছে তাদেরকে শাস্তির দেওয়ার দাবি করেন তারা।

বনগাঁ পৌরসভার চেয়ারম্যান গোপাল শেঠ বলেন, "এখন পার্কিংয়ের দায়িত্ব রাজ্য সরকারের। আগে পার্কিং এর ক্ষেত্রে কিছু লোক অস্বচ্ছতার সঙ্গে কাজ করতো এখন স্বচ্ছতার সঙ্গে কাজ করা হয়। যদি এক্সপোর্ট এর বিষয়ে কোন ঘটনা ঘটে থাকে তাহলে প্রশাসন ব্যবস্থা নিক। আমরা মমতা বন্দ্যোপাধ্যায়ের পথে চলি, ব্যক্তিগত স্বার্থ সিদ্ধি করবার জন্য নয়। অপবাদ যারা দেয় অচিরেই ধ্বংস হয়ে যাবে।" বিজেপি অবশ্য এই ঘটনাকে তৃণমূলের গোষ্ঠী কোন্দল হিসেবে দেখছে। এই ঘটনার তীব্র কটাক্ষ করে বিজেপি নেতা দেবদাস মন্ডল বলেন, "আগে পৌরসভা পার্কিংয়ের দায়িত্ব ছিল, তখন অর্থের বিনিময়ে ৭০ থেকে ৮০ টি গাড়ি লাইনের বাইরে যেত। এখন বিভিন্ন জেলার নেতাদের সুপারিশে গাড়ি যাচ্ছে। গাড়ি যাওয়ার বিনিময়ে অর্থের লেনদেন তো অবশ্যই আছে।" এদিন তৃণমূল ছাত্র পরিষদের আজকের মিছিল প্রসঙ্গে তিনি বলেন, "তৃণমূলের গোষ্ঠী কোন্দল এর ফলেই এই ধিক্কার মিছিল।"

# বাণীপুর সুন্দরম এর ধানবাদ সফর

নীরেশ ভৌমিক ঃ হাবড়ার বানীপুরের অন্যতম নৃত্যশিক্ষার স্কুল সুন্দরম ড্যান্স ইনস্টিটিউশান এর নৃত্যশিল্পীগন সম্প্রতি ঝাড়খন্ড রাজ্যের ধানবাদ শহরে অনুষ্ঠান করে এলেন। প্রতিষ্ঠানের প্রান পুরুষ নৃত্য প্রশিক্ষক সুজিত কর্মকার জানান, ধানবাদের অনুভব সংস্থা আয়োজিত সর্বভারতীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা ও উৎসবে আমন্ত্রিত সুন্দরম এর শিল্পীরা নৃত্য পরিবেশন করেন। সুন্দরম এর শিল্পীগন পরিবেশিত বিভিন্ন নৃত্যের অনুষ্ঠানে সমবেত দর্শক মন্ডলীকে মুগ্ধ করে।

নৃত্যগুরু সুজিত রায় অনুভব আয়োজিত নৃত্য প্রতিযোগিতায় বিচারকের দায়িত্ব ও পালন করেন। ভিন্ন রাজ্য সফর ও নৃত্যানুষ্ঠানকে ঘিরে সুন্দরম ড্যান্স ইনস্টিটিউশনের সকল নৃত্য শিল্পী শিক্ষার্থিগনের মধ্যে বেশ উৎসাহ উদ্দীপনা চোখে পড়ে।

আপনার এলাকার সমস্যার ভিডিও করে পাঠান আমাদের দপ্তরে... সরাসরি সম্প্রসারিত হবে আমাদের চ্যানেলে। বিস্তারিত খবর দেখতে নিচের লিংকে যান বা পাশের কোড স্ক্যান করুন।

# গাইঘাটায় তৃণমূল কংগ্রেসের ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন রামনগর অঞ্চল

নীরেশ ভৌমিক ঃ তৃণমূল কংগ্রেসের গাইঘাটা ব্লক-২ কমিটির উদ্যোগে গত ২৯মে অনুষ্ঠিত হয় ৮ দলীয় ওয়ান ডে ফুটবল টুর্নামেন্ট। চাঁদপাড়ার মিলন সংঘ ময়দানে আয়োজিত ফুটবল টুর্নামেন্টে ব্লকের বিভিন্ন অঞ্চলের ৮টি দল অংশ গ্রহন করে। গাইঘাটার প্রাক্তন তিন বিশিষ্ট ফুটবলার অর্জুন মল্লিক, অবনী বিশ্বাস ও পরিতোষ রায় খেলোয়াড় পরিচিতি শেষে কিক্ অফ করে টুর্নামেন্টের সূচনা করেন। এদিনের অন্যান্য নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন গাইঘাটা পঞ্চায়েত সমিতির সভাপতি ও দলনেতা গোবিন্দ দাস, নরোত্তম বিশ্বাস, শিক্ষক শান্তিপদ বিশ্বাস, মধুসূদন সিংহ, গাইঘাটা ব্লক জোনাল স্পোর্টস এ্যাসোসিয়েশনের সম্পাদক মনিমোহন দাস, যুবনেতৃত্ব নিরুপম রায়, দলীয় শ্রমিক নেতৃত্ব বাপী হাজরা, ভবেশ দত্ত প্রমুখ। অন্যতম উদ্যোক্তা গাইঘাটা ব্লক-২ কমিটির সভাপতি শিক্ষক শ্যামল বিশ্বাস উপস্থিত সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন। বর্ষিয়ান দলনেতা গোবিন্দবাবু দলনেত্রী তথা রাজ্যের মুখ্যমন্ত্রীর আহ্বানে সাড়া দিয়ে খেলাধুলোর প্রসারে দলীয় নেতা-কর্মীদের এই উদ্যোগকে সাধুবাদ জানান। এদিন অপরাহ্নে টুর্নামেন্টের চূড়ান্ত পর্বের খেলায় তীব্র প্রতিদ্বন্দ্বিতায় রামনগর অঞ্চল তৃণমূল কংগ্রেস দল ১-০ গোলে চাঁদপাড়া অঞ্চল তৃণমূল কংগ্রেস দলকে পরাস্ত করে টুর্নামেন্টের সেরার শিরোপা অর্জন করে। বিজয়ী ও বিজিত দলের অধিনায়ক ও নেতৃত্বের হাতে যথাক্রমে চাঁদপাড়ার প্রয়াত পঞ্চায়েত সদস্য রতন টিকাদার স্মৃতি চ্যালেঞ্জ ট্রপি ও নগদ ১০ হাজার টাকা এবং স্বাগত পিতার স্মৃতিতে দলনেতা গোবিন্দ পাল প্রদত্ত অনিল কৃষ্ণ পাল স্মৃতি ট্রপি প্রদান করা হয়। এছাড়া বিভিন্ন দিকে সেরা খেলোয়াড়গনকে আকর্ষনীয় পুরস্কারে ভূষিত করা হয়। এদিনের এই ফুটবল টুর্নামেন্টকে ঘিরে দলীয় নেতা-কর্মীসহ দর্শক সাধারণের মধ্যে বেশ উৎসাহ-উদ্দীপনা পরিলক্ষিত হয়।




# মাঠ কাঁপাতে ফুটবল টিম মতুয়াদের

প্রতিনিধি : পরাধীন ভারতে ফুটবল খেলাকে ব্রিটিশদের বিরুদ্ধে লড়াইয়ের মাধ্যম হিসেবে বেছে নিয়েছিল ভারতীয়রা। এবার সেই ফুটবলকেই মতুয়া সমাজের জাগরণে অন্যতম মাধ্যম হিসেবে বেছে নিল মতুয়ারা। এবার ফুটবল মাঠ কাঁপাতো ফুটবল টিম করল মতুয়া মহাসংঘ। শুক্রবার বিকালে মতুয়া মিলন বীথি ফুটবল ক্লাবের জার্সি উদ্বোধন হল। ঠাকুরনগর ঠাকুরবাড়িতে একটি অনুষ্ঠানের মাধ্যমে জার্সি উদ্বোধন করলেন পশ্চিমবঙ্গের প্যারা অলিম্পিক অ্যাসোসিয়েশনের অন্যতম কর্ণধার বাবন ব্যানার্জি।

এদিন অনুষ্ঠান মঞ্চ থেকে টিমের কোচ এবং খেলোয়াড়দের সম্বর্ধনা দেওয়া হয়। প্রাকটিস করার জন্য দুটি ফুটবল উপহার হিসেবে তুলে দেওয়া হয়। চার ধরনের জার্সি এদিন উদ্বোধন করা হয়েছে। জার্সিতে ছিল হরিচাঁদ গুরুচাঁদ ঠাকুরের ছবি এবং মতুয়াদের লাল-সাদা নিশান। মতুয়া মহাসঙ্ঘ সূত্রে জানা গিয়েছে, রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে মতুয়া যুবকদের একত্রিত করে এই ফুটবল টিম তৈরি করা হয়েছে। শুধু মতুয়ারাই নয়, পিছিয়ে পড়া জনজাতির মেধাবীরা এই দলে খেলবে। মিলন বীথি ক্লাবের মাধ্যমে মতুয়ারা খেলবে। অল ইন্ডিয়াণ মতুয়া মহাসঙ্ঘের সঙ্ঘাধিপতি মমতা ঠাকুর বলেন, "মতুয়ারা দীর্ঘদিন ধরে সামাজিক ন্যায়ের বিরুদ্ধে আন্দোলন করছে। হরিচাঁদ গুরুচাঁদ ঠাকুরের আদর্শ মেনে মতুয়ারা ডঙ্কা নিশান নিয়ে ধর্ম চালু করবে। পাশাপাশি ফুটবলও খেলবে।

বাবন ব্যানার্জী বলেন, "আশা করি এই টিম একদিন ইস্টবেঙ্গল মোহনবাগানের সমতুল্য হয়ে উঠবে। মতুয়ারা ফুটবল টিমের মাধ্যমে আলাদা জায়গা করে নেবে। পাশাপাশি এদিন মতুয়া ওয়েলফেয়ার বোর্ড এর পক্ষ থেকে অনুষ্ঠান মঞ্চ থেকে কয়েকটি দরিদ্র পরিবারের হাতে চেক তুলে দেওয়া হয়।



# জাগরণী সংঘের রক্তদান ও স্বাস্থ্য শিবির

সঞ্জিত সাহা ঃ রক্তের কোন বিকল্প নেই মানুষের প্রয়োজনে মানুষকেই রক্ত দিতে হয়। তাই রক্তদান মহৎ দান। এই আদর্শকে সামনে রেখে বিগত বছরগুলির মতো এবারও এক স্বেচ্ছারক্তদান শিবিরের আয়োজন করে মছলন্দপুরের জাগরণী সংঘের সদস্যগন। গত ২৯ মে সকালে আয়োজিত শিবিরের উদ্বোধন করেন, মছলন্দপুর ১নং গ্রাম পঞ্চায়েতের পুরস্কার প্রাপ্ত প্রধান তাপস ঘোষ, ছিলেন পঞ্চায়েত সদস্য শংকর রায়, দেবাশিষ দাস, মৌসুমী মন্ডল বিশ্বাস ও বিশিষ্ট সমাজসেবি হীরালাল মজুমদার, অসীম রায় ও রামমোহন দত্ত প্রমুখ। এদিনের শিবিরে বারাসাত মহকুমা হাসপাতালের ব্লাড ব্যাঙ্কের চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীগন মোট ৪৬ জন স্বেচ্ছা রক্তদাতার রক্ত সংগ্রহ করেন। প্রধান সহ উপস্থিত বিশিষ্ট জনেরা রক্তদাতা ও উদ্যোক্তাদের শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন।

এদিনের শিবিরে রক্তদান ছাড়াও অনুষ্ঠিত শিবিরে বারাসাত হাসপাতালের ডাঃ সন্দীপ হালদার, ডাঃ শুভেন্দু বিশ্বাস, ডাঃ দেবপ্রতীম সাহা প্রমুখ বিশিষ্ট চিকিৎসকগণ বিনা পারিশ্রমিকে শতাধিক রোগীর স্বাস্থ্য পরীক্ষা করেন ও প্রয়োজনীয় পরামর্শ দেন। বিনা ব্যয়ে ভালো চিকিৎসকগণের নিকট স্বাস্থ্য পরীক্ষা করাতে পেরে অতিশয় খুশি গ্রামের সাধারণ মানুষজন।

# আলোর রবীন্দ্র-নজরুল বন্দনা

নীরেশ ভৌমিক ঃ গাইঘাটার বাগনার আলো সংস্থা রবীন্দ্রনাথ ঠাকুর ও নজরুল ইসলামের জন্ম জয়ন্তী উদযাপন করে গত ২৬ মে। এদিন অপরাহ্নে সংস্থার মহলা কক্ষে সদস্যগনের সমবেত কন্ঠে গাওয়া সংগীতের মধ্যদিয়ে অনুষ্ঠানের শুরু হয়। বিশিষ্ট নাট্যাভিনেত্রী অনিতা চত্রবর্তী কবি প্রণামের অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে সংস্থার সদস্য-সদস্যাগন সংগীত, নৃত্য, আবৃত্তি পরিবেশন করেন। সংস্থার নাট্য নির্দেশক জয়ন্ত চক্রবর্তীর নির্দেশনায় পরিবেশিত হয় শ্রুতি নাটক কবিগুরুর রক্ত করবী।

# স্বরবিতান এর কবি প্রণাম

নীরেশ ভৌমিক ঃ চাঁদপাড়া সানাপাড়ার অন্যতম সংগীত শিক্ষার প্রতিষ্ঠান স্বরবিতান অন্যান্য বছরের মতো এবারও রবীন্দ্রজন্ম জয়ন্তী অনুষ্ঠানের আয়োজন করে। প্রতিষ্ঠানের সংগীত শিক্ষার্থীগণের সমবেত কণ্ঠে আগুনের পরশমনি ছোঁয়াও প্রাণে সংগীতের মধ্য দিয়ে ৭ম বার্ষিক কবি প্রনাম অনুষ্ঠানের সূচনা হয়। উপস্থিত অভিভাবক সহ রবীন্দ্র প্রেমী সকল মানুষজনকে শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন স্বরবিতান এর অধ্যক্ষ বিশিষ্ট সংগীত শিক্ষক প্রদীপ সরকার। উপস্থিত শিক্ষার্থীগন সংগীত, আবৃত্তি, নৃত্য ও কথায়-কবিতায় কবিকে স্মরণ করেন ও কবির প্রতি শ্রদ্ধা জানান। এদিনের প্রতিকূল আবহাওয়া সত্ত্বেও বহু রবীন্দ্র প্রেমী মানুষজনের স্বতঃস্ফূর্ত উপস্থিতি ও অংশগ্রহনে স্বরবিতান আয়োজিত কবিগুরুর ১৬২তম জন্ম-জয়ন্তী বেশ সাফল্য লাভ করে।

HALL MARK
বনগাঁয় সবার মুখে এক কথা—
রকমারি ডিজাইন, গহনার গড়নে সাবেকিয়ানা,
আধুনিকতায় অনন্য প্রতিষ্ঠান
আমাদের গহনার মজুরী সবার থেকে কম



নিউ পি. সি. জুয়েলার্স
বাটার মোড়, বনগাঁ (বনশ্রী সিনেমা হলের সামনে)
নিউ পি. সি. জুয়েলার্স ব্রাঞ্চ
বাটার মোড়, বনগাঁ (কুমুদিনী বিদ্যালয়ের বিপরীতে)
নিউ পি. সি. জুয়েলার্স বিউটি
মতিগঞ্জ হাটখোলা, বনগাঁ, উত্তর ২৪ পরগনা
এন পি.সি. অপটিক্যাল
এখানে সু-চিকিৎসকের পরামর্শে কম্পিউটার দ্বারা চক্ষু পরীক্ষা করা হয়। আধুনিক মানের চশমার ফ্রেম, গ্লাস ও লেন্সের বিশাল সম্ভার।



বাটার মোড়, (কুমুদিনী স্কুলের বিপরীতে), বনগাঁ

গোবরডাঙা মৃদঙ্গম
আর্থিক সহায়তা : সংগীত নাটক আকাদেমী, ভারত সরকার
Azadi Ka Amrit Mahotsav
সংগীত নাটক অকাদেমী Sangeet Natak Akademi
গোবরডাঙা মৃদঙ্গম - এর নবতম
নাট্য প্রযোজনা
Megh- Mollar
মেঘ মল্লার
গল্প ঃ বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
নাট্যরূপ ও নির্দেশনা ঃ বরুণ কর
মুখ্য উপদেষ্টা ঃ সিদ্ধার্থ চক্রবর্তী
মঞ্চে
স্বপন বিশ্বাস, অনিরুদ্ধ মাশিদ, সৌমিতা দত্ত বনিক, সজল বিশ্বাস, গোপাল বিশ্বাস, মিন্টু মজুমদার, মৌসুমি হালদার, প্রিয়াঙ্কা কুণ্ডু, সুমতি মন্ডল, প্রেরনা মণ্ডল, রিমি মণ্ডল, পায়েল মিত্র, বেবি বিশ্বাস, অর্ণব হালদার, সুরজিত মজুমদার, রজত রায়, বিজয় প্রামানিক, মনিমহন মণ্ডল ও আবৃতা কর
নেপথ্যে
পটচিত্র ঃ তন্দ্রা দে, মঞ্চ ও আলো ঃ বরুণ কর, বিশেষ গানের কথা ঃ মহঃ সেলিম, বাঁশি ও ঢোল ঃ বিজয় প্রামানিক, দোতারা ঃ মনিমহন মণ্ডল, সঙ্গীত ঃ বেবি বিশ্বাস, সুমতি মণ্ডল, রিমি মণ্ডল, দোলা সরকার দাস, শব্দ প্রক্ষেপন ঃ প্রিয়াঙ্কা কুন্ডু, প্রেরনা মণ্ডল, মিন্টু মজুমদার, নামাঙ্কন ঃ অদ্রিশ কুমার রায়, রূপসজ্জা ঃ অভিক দা, পোশাক ঃ রনিতা দত্ত বনিক, চুমকি মোদক, মঞ্চ উপকরণ ঃ প্রীতম বিশ্বাস, ডকুমেন্টাশন ঃ সুদীপ্ত দে ও সৈকত সুরই, প্রযোজনা সহায়ক ঃ গোপাল দত্ত বনিক
9th June 2022, Ashoknagar Sahid Sadan, 5.30 p.m
Cont.09732481666/ 07908016462/ 09433278921
Email. gobardangamridangam@gmail.com

COMPUTER & PRINTER REPAIRING
যত্ন সহকারে সামনে বসে কাজ করা হয়
কার্টিজ রিফিল করা হয়।



UNICORN
Mob. : 9734300733
অফিস ঃ কোর্ট রোড, লোটাস মার্কেট, বনগাঁ, উঃ ২৪ পরঃ

Arup Kumar Nath
Customs Clearing & Forwarding Agent
: 03215-245 718
9475399888
8768010885
: absenterprise43@gmail.com
absenterprise43@yahoo.com
A.B.S. ENTERPRISE
Hazi Market (1st Floor) ● PETRAPOLE ● BONGAON ● NORTH 24 PARGANAS

তান্ত্রিক জ্যোতিষ সম্রাট চণ্ডীরত্ন গীতাভারতী, স্বর্ণপদক প্রাপ্ত
এস এস আচার্য / এস এস চ্যাটার্জী



ব্যবসা, চাকুরী, বিবাহ, বিদেশযাত্রা, গ্রহদোষ, বাস্তদোষ, প্রতিকারসহ শ্রাদ্ধ-শান্তি, উপনয়ণ এবং প্রায়শ্চিত্ত করা হয়।
পুরোহিত শুভজিৎ আচার্য
চাঁদপাড়া ১নং রেলবাজার, ঢাকুরিয়া কালীবাড়ি, ২৪ পরঃ (উঃ)
মোঃ ৯৩২২৩৬১১৫/৯৭৩৪৩৭৮৯০৩/৮৩৭১০৪৬৪৯৭

Printer, Publisher & Owner **Utpal Mallick**, Published at Kalupur (Uttarpara, P.O.- Kalupur, P.S.- Bongaon, Dist.- North 24 Parganas, W.B. PIN- 743235 and Printed at **KUMAR PRESS** at Tawbazar, Bongaon, North 24 Parganas, W.B., PIN- 743235 - 9232633899 / 9647791986 / 7076271952
e-mail.- sarbabhauma@gmail.com, Web- https://www.sarbabhaumasamachar.in
**Editor- Utpal Mallick**